



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জেলা প্রশাসকের কার্যালয়, ফেনী  
(স্থানীয় সরকার শাখা)  
[www.feni.gov.bd](http://www.feni.gov.bd)



শেখ হাসিনার মূলনীতি  
গ্রাম শহরের উন্নতি

১১ জ্যৈষ্ঠ ১৪৩০ বঙ্গাব্দ

১৫ মে ২০২৩ খ্রিস্টাব্দ

স্মারক নম্বর : ০৫.২০.৩০০০.০০৬.১১.০০৬.২২-২৮৪

### নিয়োগ বিজ্ঞপ্তি

স্থানীয় সরকার বিভাগের ইউনিয়ন পরিষদ-২ শাখার গত ১৩ ফেব্রুয়ারি ২০২৩ তারিখের ৪৬.০০.০০০০.০১৮.১১.০০২.১৭-১৫ ও ২০ মার্চ ২০২৩ তারিখের ৪৬.০০.০০০০.০১৮.১১.০০২.১৭-২৭ নম্বর স্মারকদ্বয়ের ছাড়পত্র মোতাবেক ফেনী জেলার “ইউনিয়ন পরিষদ সচিব” এর ০৩ (তিন)টি শূন্যপদে লোক নিয়োগ এবং প্যানেল সংরক্ষণের লক্ষ্যে সম্পূর্ণ অস্থায়ীভিত্তিতে ফেনী জেলার স্থায়ী বাসিন্দাদের নিকট হতে অনলাইনে (<http://dcfeni.teletalk.com.bd>) ওয়েবসাইটে নিম্নলিখিত শর্তে আবেদন আহ্বান করা যাচ্ছে:

ক্রম.	পদের নাম	শূন্য পদের সংখ্যা	বেতনস্কেল	শিক্ষাগত যোগ্যতা
১.	ইউনিয়ন পরিষদ সচিব	০৩ (তিন)টি	জাতীয় বেতনস্কেল, ২০১৫ অনুযায়ী গ্রেড-১৪ (১০২০০-২৪৬৮০) এবং বিধি মোতাবেক অন্যান্য ভাতাদি (ইউনিয়ন পরিষদ কর্তৃক ২৫% এবং সরকার কর্তৃক ৭৫ % বেতন প্রাপ্য হবেন)	কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে অনূন দ্বিতীয় বিভাগ অথবা সমমানের সিজিপিএ-তে স্নাতক বা সমমানের ডিগ্রি।

আবেদন ফরম পূরণ এবং পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে নিম্নবর্ণিত শর্তাবলী অবশ্যই অনুসরণ করতে হবে :

- আবেদনকারীকে জন্মসূত্রে বাংলাদেশের নাগরিক ও ফেনী জেলার স্থায়ী বাসিন্দা হতে হবে এবং বিবাহিত মহিলা প্রার্থীদের ক্ষেত্রে স্বামীর স্থায়ী ঠিকানা উল্লেখ করতে হবে।
- প্রার্থীর বয়সসীমা ১৮-০৬-২০২৩ তারিখে ১৮-৩০ বছরের মধ্যে হতে হবে এবং বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা এবং প্রতিবন্ধীদের ক্ষেত্রে ১৮-৩২ বছরের মধ্যে হতে হবে। তবে জনপ্রশাসন মন্ত্রণালয়ের বিধি-১ শাখার ২২ সেপ্টেম্বর ২০২২ তারিখের ০৫.০০.০০০০.১৭০.১১.০১৭.২০-১৪৯ সংখ্যক স্মারক মোতাবেক ২৫/০৩/২০২০ তারিখে সর্বোচ্চ বয়সসীমা ৩০ বছর নির্ধারিত হবে এবং বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা ও প্রতিবন্ধীদের ক্ষেত্রে বয়সসীমা ২৫ মার্চ ২০২০ তারিখে ৩২ বছর পর্যন্ত শিথিলযোগ্য। বয়স প্রমাণের ক্ষেত্রে কোন এফিডেভিড গ্রহণযোগ্য নয়।
- সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে চাকরিরত প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে আবেদন করতে হবে।
- আবেদন অনলাইনের মাধ্যমে আগামী ২৯ মে ২০২৩ তারিখ সকাল ১০.০০ টা হতে ১৮ জুন ২০২৩ তারিখ বিকাল ৫.০০ টা পর্যন্ত দাখিল করা যাবে। সরাসরি বা ডাকযোগে প্রেরিত সকল দরখাস্ত বাতিল মর্মে গণ্য হবে।
- লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মৌখিক পরীক্ষার সময় সকল সনদ/অনাপত্তিপত্র/কাগজপত্রাদির মূল কপি প্রদর্শনপূর্বক প্রতিটির সত্যায়িত ফটোকপি ০১ সেট দাখিল করতে হবে। দাখিল/উপস্থাপনযোগ্য কাগজপত্রের তালিকা নিম্নরূপ:

- শিক্ষাগত যোগ্যতা সম্পর্কিত সকল মূল/সাময়িক সনদপত্র।
- সংশ্লিষ্ট পৌরসভার মেয়র অথবা ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত নাগরিক সনদপত্র।
- জাতীয় পরিচয়পত্র।
- অনলাইন জন্ম নিবন্ধন সনদ।
- ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র।
- লিখিত পরীক্ষার প্রবেশপত্রের কপি।
- চাকরিরত প্রার্থীদের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অনাপত্তিপত্র।
- সরকার নির্ধারিত বিশেষ কোটার চাকুরী প্রার্থীকে ঐ কোটায় চাকুরীর যোগ্যতা সংক্রান্ত সরকারের সর্বশেষ নির্দেশনা মোতাবেক উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদের মূল কপি।
- বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা/পুত্র-কন্যার পুত্র/কন্যা হিসেবে চাকরি প্রার্থীকে নিম্নবর্ণিত ছক পূরণ করে মৌখিক পরীক্ষার সময় দাখিল করতে হবে:

প্রার্থীর নাম, পিতার নাম ও ঠিকানা	বীর মুক্তিযোদ্ধার নাম, পিতার নাম ও ঠিকানা	যে তালিকা বা গেজেটে মুক্তিযোদ্ধার নাম রয়েছে তার বিবরণ	প্রার্থীর সাথে বীর মুক্তিযোদ্ধার সম্পর্ক (মুক্তিযোদ্ধার পুত্র/কন্যা এবং নাতি/নাতনীর ক্ষেত্রে ছেলে/মেয়ে পক্ষ উল্লেখ করতে হবে)	বীর মুক্তিযোদ্ধার জন্ম তারিখ	মন্তব্য
				১। জন্ম নিবন্ধন অনুযায়ী জন্ম তারিখ; ২। জাতীয় পরিচয় পত্র অনুযায়ী জন্ম তারিখ; ৩। এসএসসি সনদ অনুযায়ী জন্ম তারিখ; ৪। জন্ম নিবন্ধন আইন অনুযায়ী সিটি কর্পোরেশন/পৌরসভা/ইউনিয়ন পরিষদের প্রত্যয়ন পত্র অনুযায়ী জন্ম তারিখ।	

- এ) বীর মুক্তিযোদ্ধা কোটায় আবেদনকারী বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র/কন্যা হলে আবেদনকারী যে বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র/কন্যা এই মর্মে সম্পর্ক উল্লেখপূর্বক ৯ম বা তদুর্ধ্ব গ্রেডের গেজেটেড কর্মকর্তা/সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান অথবা পৌরসভার মেয়র/কাউন্সিলর কর্তৃক প্রদত্ত সনদপত্র/প্রত্যয়নপত্র।
- ট) অন্যান্য কোটায় নিয়োগ প্রাপ্তির আবেদনের ক্ষেত্রে সংশ্লিষ্ট কোটার জন্য সরকার কর্তৃক নির্ধারিত সনদপত্র/প্রমাণক।
- ঠ) প্রশিক্ষণের সনদপত্র।
- ড) যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অনুমতিপত্র (প্রযোজ্য ক্ষেত্রে)।
- ৬। অনলাইন আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলি ও শর্তাবলি:
- ক) পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক ব্যক্তি <http://dcfeni.teletalk.com.bd> এই ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করতে পারবেন। আবেদনের সময়সীমা নিম্নরূপ:
- Online-এ আবেদনপত্র পূরণ ও আবেদন ফি জমাদান শুরুর তারিখ ও সময়: ২৯/০৫/২০২৩ সকাল ১০:০০টা।
  - Online-এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময়: ১৮/০৬/২০২৩ বিকাল ৫:০০ টা। উক্ত সময়সীমার মধ্যে USER ID প্রাপ্ত প্রার্থীগণ Online- এ আবেদনপত্র Submit এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে Teletalk pre-paid mobile এ SMS এর মাধ্যমে পরীক্ষার ফি জমা দিতে পারবেন।
- খ) Online আবেদনপত্রে প্রার্থী তার স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০x প্রস্থ ৮০ pixel) ও রঙিন ছবি ( দৈর্ঘ্য ৩০০x প্রস্থ ৩০০ pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন।
- গ) Online আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online- আবেদনপত্র Submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে নিশ্চিত হবেন।
- ঘ) প্রার্থী Online- এ পূরণকৃত আবেদনপত্রের একটি রঙিন প্রিন্টকপি পরীক্ষা সংক্রান্ত যেকোনো প্রয়োজনে সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন।
- ঙ) **SMS প্রেরণের নিয়মাবলি ও পরীক্ষার ফি প্রদান:** Online এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনামতে ছবি এবং Signature Upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। আবেদনপত্র Submit করা সম্পন্ন প্রার্থী একটি User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's Copy পাবেন। যদি Applicant's Copy তে কোন তথ্য ভুল থাকে বা অস্পষ্ট ছবি (সম্পূর্ণ কালো/ সম্পূর্ণ সাদা/ঘোলা ) বা ছবি/স্বাক্ষর সঠিক না থাকে তাহলে পুনরায় আবেদন করতে পারবেন। তবে আবেদন ফি জমাদানের পরে আর কোন পরিবর্তন/পরিমার্জন/পরিবর্তন গ্রহণযোগ্য নয় বিধায় আবেদন ফি জমাদানের পূর্বে প্রার্থী অবশ্যই উক্ত Applicant's Copy তে তার সাম্প্রতিক তোলা রঙিন ছবি, নির্ভুল তথ্য ও স্বাক্ষর সংযুক্ত থাকা ও এর সঠিকতার বিষয়টি PDF Copy ডাউনলোডপূর্বক নিশ্চিত করে রঙিন প্রিন্ট করে সংরক্ষণ করবেন। Applicant's copy-তে একটি User ID থাকবে এবং User ID ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যেকোন Teletalk pre-paid mobile নম্বর এর মাধ্যমে ০২ (দুইটি) SMS এর মাধ্যমে পরীক্ষার ফি বাবদ ২০০/- (দুইশত) টাকা এবং অনলাইন ফি বা Teletalk এর সার্ভিস চার্জ বাবদ ২৩/- (তেইশ) টাকা অফেরতযোগ্য মোট ২২৩/- (দুইশত তেইশ) টাকা পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেন।
- এখানে বিশেষভাবে উল্লেখ্য যে, "Online-এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত Online- আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না"।

**প্রথম SMS :** DCFENI <space> User ID লিখে Send করতে হবে 16222 নম্বরে।

Example : DCFENI ABCDEF

Reply : Applicant's Name, Tk. 223 Will be charged as application fee. Your PIN is 12345678. To pay fee Type DCFENI Yes PIN and send to 16222.

**দ্বিতীয় SMS:** DCFENI <space> Yes <space> PIN লিখে Send করতে হবে 16222 নম্বরে।

Example : DCFENI YES 12345678

Reply : Congratulations! Applicant's Name, payment completed successfully for DCFENI Application for post xxxxxxxx User ID is (ABCDEF) and Password (xxxxxxx)

চ) প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি <http://dcfeni.teletalk.com.bd> ওয়েব সাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS এর মাধ্যমে (শুধুমাত্র যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয়



যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।

ছ) SMS-এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও স্থান/কেন্দ্রের নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক প্রিন্ট করে নিবেন। প্রার্থী প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময় এবং উত্তীর্ণ হলে মৌখিক পরীক্ষার সময় অবশ্যই প্রদর্শন করবেন।

জ) শুধু Teletalk pre-paid মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং Password পুনরুদ্ধার করতে পারবেন।

i) User ID জানা থাকলে:

DCFENI <space> Help <space> User <space> User ID & Send to 16222

Example: DCFENI Help User 12345678 Send to 16222

ii) PIN Number জানা থাকলে:

DCFENI <space> Help <space> PIN <space> PIN NO & Send to 16222

Example: DCFENI Help PIN 12345678 Send to 16222

বা) অনলাইনে আবেদন এবং টাকা জমার কাজটি প্রার্থী নিজে করবেন। এক্ষেত্রে অন্য কোনো মাধ্যম থেকে উক্ত কাজটি সম্পন্ন করে প্রার্থী প্রত্যাহারিত হলে কর্তৃপক্ষ দায়ী থাকবে না।

ঞ) অনলাইনে আবেদন করতে কোন সমস্যা হলে টেলিটক নম্বর থেকে ১২১ নম্বর অথবা [alljobs.query@teletalk.com.bd](mailto:alljobs.query@teletalk.com.bd) বা [dcfeni@mopa.gov.bd](mailto:dcfeni@mopa.gov.bd) ই-মেইলে যোগাযোগ করা যাবে। এছাড়া টেলিটকের জবপোর্টাল এর ফেসবুক পেজ <https://www.facebook.com/alljobsbdteletalk> এ মেসেজ এর মাধ্যমে যোগাযোগ করা যাবে। (মেইল/মেসেজ এর subject-এ Organization Name: DCFENI, Post Name: Union Parishad Sachib, Applicant's User ID Contact Number অবশ্যই উল্লেখ করতে হবে)।

৭। অসত্য/বুটিপূর্ণ/অসম্পূর্ণ আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে। প্রার্থী কর্তৃক প্রদত্ত কোনো তথ্য নিয়োগ কার্যক্রমের যেকোনো পর্যায়ে বা নিয়োগ দানের পরেও অসত্য/বুটিপূর্ণ/ ভুয়া প্রমাণিত হলে তার দরখাস্ত/নির্বাচন/নিয়োগ সরাসরি বাতিল বলে গণ্য হবে।

৮। বিজ্ঞপ্তি পত্রিকা ছাড়াও ফেনী জেলার ওয়েবপোর্টাল [www.feni.gov.bd](http://www.feni.gov.bd) এবং <http://dcfeni.teletalk.com.bd> অথবা QR Code স্ক্যান এর মাধ্যমে বাংলাদেশের একমাত্র রাষ্ট্রীয় মোবাইল অপারেটর টেলিটকের জবপোর্টাল <https://alljobs.teletalk.com.bd/dcfeni> ওয়েবসাইটে সরাসরি প্রবেশ করেও বিজ্ঞপ্তিটি পাওয়া যাবে। নিয়োগ পরীক্ষার তারিখ, সময় ও অন্যান্য তথ্য [www.feni.gov.bd](http://www.feni.gov.bd) ওয়েবসাইটে হতে জানা যাবে।

৯। ডিক্লারেশন: প্রার্থীকে অনলাইন আবেদনপত্রের ডিক্লারেশন অংশে এই মর্মে ঘোষণা দিতে হবে যে, প্রার্থী কর্তৃক আবেদনপত্রের প্রদত্ত সকল তথ্য সঠিক এবং সত্য। প্রদত্ত তথ্য অসত্য বা মিথ্যা প্রমাণিত হলে অথবা কোন অযোগ্যতা ধরা পড়লে বা কোনো প্রতারণা বা দুর্নীতির আশ্রয় গ্রহণ করলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে, পরীক্ষার পূর্বে বা পরে অথবা নিয়োগের পরে যে কোনো পর্যায়ে প্রার্থিতা বাতিল করা হবে এবং সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা যাবে।

১০। আবেদনের সময় নামের বানান সতর্কতার সাথে শিক্ষা সনদের সাথে মিলিয়ে লিখতে হবে, শিক্ষা সনদে উল্লিখিত নামের বানানের বাইরে পদবি/মৃত ইত্যাদি লিখা যাবে না। স্থায়ী ঠিকানা সঠিকভাবে লিখতে হবে। অসত্য/বুটিপূর্ণ/অসম্পূর্ণ আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে। প্রার্থী কর্তৃক প্রদত্ত কোন তথ্য নিয়োগ কার্যক্রমের যে কোন পর্যায়ের বা নিয়োগদানের পরেও অসত্য/বুটিপূর্ণ/ভুয়া প্রমাণিত হলে তার দরখাস্ত/নির্বাচন বা নিয়োগ সরাসরি বাতিল বলে গণ্য হবে। এছাড়া নিয়োগের পূর্বে ভোপ টেস্ট করা হবে। ভোপ টেস্টে কাউকে মাদকাসক্ত পাওয়া গেলে তাঁর দরখাস্ত/নির্বাচন বাতিল বলে গণ্য হবে।

১১। নিয়োগ সংক্রান্ত সকল বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে। অনিবার্য কারণে নিয়োগ প্রক্রিয়া স্থগিত/বাতিল/প্রত্যাহার করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

১২। পরীক্ষায় অংশগ্রহণের জন্য আবেদনকারীকে কোনো প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

১৩। বিজ্ঞাপনে উল্লিখিত পদ/ পদসমূহের চূড়ান্ত সুপারিশ প্রণয়নের ক্ষেত্রে সরকারের সর্বশেষ কোটা নীতি অনুসরণ করা হবে।

১৪। আবেদনপত্র গ্রহণ ও বাতিল করার ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১৫। সন্তোষজনক পুলিশ ডেরিফিকেশন রিপোর্ট এবং সিভিল সার্জনের স্বাস্থ্যগত প্রত্যয়ন চাকুরিতে নিয়োগের অন্যতম প্রধান শর্ত হিসেবে বিবেচিত হবে।

১৬। যে কোন তদবির কিংবা সুপারিশ প্রার্থীর অযোগ্যতা হিসেবে বিবেচনা করা হবে। উল্লেখ্য, আইটি বিষয়ক দক্ষতা প্রার্থীর অতিরিক্ত যোগ্যতা হিসেবে বিবেচিত হবে।

১৭। নিয়োগের ক্ষেত্রে সরকারের বিদ্যমান বিধি-বিধান এবং পরবর্তীতে এ সংশ্লিষ্ট বিধি-বিধানে কোন সংশোধন হলে তা অনুসরণ করা হবে।

(আবু সেলিম মাহমুদ-উল হাসান)

জেলাপ্রশাসক

ফেনী

ফোন: ০২৩৩৪৪-৭৪০০০


E-mail: [dcfeni@mopa.gov.bd](mailto:dcfeni@mopa.gov.bd)

স্মারক নম্বর : ০৫.২০.৩০০০.০০৬.১১.০০৬.২২-২৫৪

তারিখ : ২১ জ্যৈষ্ঠ ১৪৩০ বঙ্গাব্দ  
২৫ মে ২০২৩ খ্রিস্টাব্দ

অনুলিপি: সদয় অবগতি/অবগতি ও বহল প্রচারের জন্য প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।
- ৩। পরিচালক, স্থানীয় সরকার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।
- ৪। জেলাপ্রশাসক, .....(সকল)।
- ৫। পুলিশ সুপার, ফেনী।
- ৬। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, ফেনী।
- ৭। সিভিল সার্জন, ফেনী।
- ৮। মেয়র, ফেনী/দাগনভূঞা/সোনাগাজী/ছাগলনাইয়া/পরশুরাম পৌরসভা, ফেনী।
- ৯। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফেনী সদর/দাগনভূঞা/সোনাগাজী/ছাগলনাইয়া/ফুলগাজী/পরশুরাম, ফেনী।
- ১০। উপজেলা নির্বাহী অফিসার, ফেনী সদর/দাগনভূঞা/সোনাগাজী/ছাগলনাইয়া/ফুলগাজী/পরশুরাম, ফেনী।
- ১১। নির্বাহী প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, ফেনী।
- ১২। জেলা তথ্য অফিসার, ফেনী (বহল প্রচারের জন্য)।
- ১৩। জেলা একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, ফেনী।
- ১৪। চেয়ারম্যান (সকল),.....ইউনিয়ন পরিষদ.....,উপজেলা, ফেনী।
- ১৫। ব্যবস্থাপনা পরিচালক, টেলিটক বাংলাদেশ লিমিটেড, রাজউক কমার্শিয়াল কমপ্লেক্স (১১ তলা), হোল্ডিং ৩/এ, ৫/এ, ৭/এ, রোড নং-১৭, গুলশান-১, ঢাকা- ১২১২। (তাকে উল্লিখিত বিজ্ঞপ্তি অনুযায়ী অনলাইনে আবেদন গ্রহণের বিষয়ে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করার জন্য অনুরোধ করা হলো)।
- ১৬। সভাপতি/সম্পাদক, প্রেস ক্লাব, ফেনী।
- ১৭। সম্পাদক, দৈনিক যুগান্তর/দৈনিক স্টার লাইন। নিয়োগ বিজ্ঞপ্তিটি আপনার পত্রিকায় ৯×৫ সাইজের ভিতরের পাতায় ০১ (এক) দিনের জন্য প্রকাশের ব্যবস্থা গ্রহণপূর্বক নিয়োগ বিজ্ঞপ্তি প্রচারিত সংখ্যার ৫ (পাঁচ) কপি নিম্নস্বাক্ষরকারী বরাবর প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

  
জেলাপ্রশাসক  
ফেনী